MINISTRY OF MANPOWER

# CONNECT with ACE

প্রবাসী শ্রমিকদের জন্য একটি মাসিক E-নিউজলেটার






এপ্রিল 2022

## এই সংখ্যায়:

প্রবাসী শ্রমিকদের জন্য মূল ঘোষণা এবং প্রাথমিক পরিচর্যা পরিকল্পনা

ডেঙ্গু থেকে নিজেকে রক্ষা করুন!

তামিল নববর্ষ উদযাপন

# মূল ঘোষণা সমূহ





## আপডেট করা নিরাপদ ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ (২৬ এপ্রিল ২০২২ থেকে)

- গ্রুপের আকার সীমাবদ্ধ নয় এবং কোন নিরাপদ দূরত্ব মানতে হবে না
- সকল আভ্যন্তরীণ পরিবেশে মুখোশ পরা অব্যাহত থাকবে, তবে বহিরঙ্গন পরিবেশে ঐচ্ছিক হবে
- বেশি ঝুঁকিপূর্ণ অবস্থা (যেমন, যে কোন এক সময়ে 500 জনের বেশি অংশগ্রহণকারী) এবং খাদ্য ও পানীয় ব্যবস্থাপনা ব্যতীত অন্য সব ব্যাপারে ভ্যাক্সিন-বিভেদকারী নিরাপত্তা নিয়ন্ত্রণ ব্যবস্থা উঠিয়ে নেওয়া

## সম্পূর্ণ ভ্যাক্সিন নেওয়া এবং ভ্যাক্সিন বিহীন/আংশিকভাবে ভ্যাক্সিন নেওয়া শ্রমিকদের জন্য সমাজে এবং বিনোদন কেন্দ্রে মেলামেশা

- সকল শ্রমিক সমাজে মেশার জন্য একটি এক্সিট পাসের জন্য আবেদন করতে পারে
- সকল শ্রমিক কোন এক্সিট পাস ছাড়াই বিনোদন কেন্দ্রে যেতে পারে

## ওয়ার্ক পাস অনুসন্ধান করার পোর্টাল

আপনি এখন আপনার ওয়ার্ক পাসের আবেদন কোন পর্যায়ে আছে বা বর্তমান ওয়ার্ক পাসের বৈধতা যাচাই করতে নতুন ওয়ার্ক পাস অনুসন্ধান পোর্টাল ব্যবহার করতে পারেন। শুধু আপনার জন্মতারিখ এবং FIN/পাসপোর্ট নম্বর টাইপ করুন। এটা এখুনি চেষ্টা করুন!






# প্রাথমিক পরিচর্যা পরিকল্পনা আলোচনা @ বিনোদন কেন্দ্র



## ১ এপ্রিল ২০২২ থেকে,

নির্মাণ, মেরিন শিপইয়ার্ড বা প্রসেস (CMP) সেক্টরে কাজ করা বা ডরমিটরিতে থাকা, ওয়ার্ক পারমিট বা এস পাস-ধারী শ্রমিকদের জন্য নিয়োগকর্তাদের অবশ্যই একটি প্রাথমিক পরিচর্যা পরিকল্পনা (PCP) কিনতে হবে।

PCP আপনার প্রাথমিক স্বাস্থ্যসেবার চাহিদার অধিকাংশই মেটাবে।

**PCP সম্পর্কে আরও জানতে, এমন একটি আলোচনায় আমাদের সাথে যোগ দিন!**

| তারিখ | স্থান |
|---|---|
| ৮ মে ২০২২ | কোচরান RC |
| ২২ মে ২০২২ | পেঞ্জুরু RC |
| ৫ জুন ২০২২ | সুন লি RC |



## আপনারা কেউ কেউ প্রশ্ন করেছেন...

**"কেন আমাকে এখন বহির্বিভাগ রোগী হিসাবে ডাক্তার দেখানোর জন্য আংশিক খরচ দিতে হবে?"**

উত্তর: ব্যক্তিগত দায়িত্ব সিঙ্গাপুরের স্বাস্থ্যসেবা পদ্ধতির একটি মূল নীতি হিসাবে রয়ে গেছে এবং এটিকে চালু রাখার জন্য আংশিক খরচ দেওয়াটাও এর একটি অঙ্গ। যদিও আপনার নিয়োগকর্তা আপনার PCP প্রদানের জন্য প্রাথমিকভাবে দায়ী, ব্যক্তিগত দায়িত্ব নিশ্চিত করার জন্য চিকিৎসা কেন্দ্রে বা টেলি-মেডিসিন পরামর্শের জন্য প্রতিটি ভিজিটের আংশিক খরচ প্রদানের ছোট একটি পরিমাণ রয়েছে।

**"বেতন পেতে দেরি হবার কারণে আমি চিকিৎসা বিল পরিশোধ করতে না পারলে আমি কি করতে পারি?"**

উত্তর: আপনার তখনও চিকিৎসা কেন্দ্রে চিকিৎসার জন্য যাওয়া উচিত এবং যত তাড়াতাড়ি সম্ভব ACE অফিসারদের কাছে বেতনের সমস্যাটা তুলে ধরা উচিত।

**"PCP-এর আওতায় কি দাঁতের চিকিৎসাও পরে?"**

উত্তর: না। তবে, আপনার দাঁতের চিকিৎসা বিলের জন্য আপনার নিয়োগকর্তা দায়ী থাকবে যদি সিঙ্গাপুর-নিবন্ধিত মেডিকেল বা দাঁতের পেশাদার ডাক্তার এটি প্রয়োজনীয় বলে মনে করে।




**PCP সম্পর্কে আরও জানতে হলে QR কোডটি স্ক্যান করুন!**

https://go.gov.sg/pcp-ebooklet

# ডেঙ্গু থেকে নিজেকে রক্ষা করুন!





পাত্র, পট, এবং বালতিগুলি উল্টে সমস্ত জমে থাকা জল ফেলে দিন



অব্যবহৃত পাত্র, পুরানো হেলমেট এবং নষ্ট হয়ে যাওয়া বুটের মতো অপ্রয়োজনীয় জিনিসপত্র ফেলে দিন



ক্যানভাস শীট থেকে অতিরিক্ত জল সরিয়ে দিন এবং ব্যবহার না করা হলে সঠিকভাবে উঠিয়ে রাখুন



আপনার ঘরের অন্ধকার কোনায় কীটনাশক স্প্রে করুন




মশা তাড়ানোর ওষুধ প্রয়োগ করুন এবং যেখানে সম্ভব কাপড় পড়ে শরীর ঢেকে রাখুন

আপনাকে সাহায্য করার জন্য আমরা আছি। কিভাবে ডেঙ্গু থেকে নিজেকে রক্ষা করবেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে NEA ওয়েবসাইট দেখুন



## আমাদের প্রবাসী শ্রমিকদের জন্য একটি বার্তা

মিঃ ভিজেবালুর সাথে সাক্ষাৎ করুন। ভারতের একজন প্রবাসী কর্মী যিনি কোচরান বিনোদন কেন্দ্রে একটি কাবাডি টুর্নামেন্ট জিতেছেন। তিনি আমাদের সাথে যা শেয়ার করতে চান তা হচ্ছে:

আমার বাবার সাহায্যে 15 বছরেরও আগে এই খেলাটির সাথে আমার পরিচয় হয়েছিল। আমার দেশে, খেলাটি অতি সুপরিচিত, এবং সবাই এটি খেলতে আগ্রহী। আপনি যদি আমাদের সাথে যোগ দিতে আগ্রহী হন, আমরা প্রতি রবিবার বা সরকারী ছুটির দিনে কমনওয়েলথ MRT স্টেশনের কাছে খোলা মাঠে বিকেল ৫.৩০-৬টা নাগাদ খেলাটি খেলি।

*শেয়ার করার জন্য, সিঙ্গাপুরের জীবন সম্পর্কে আপনার কোন একটি আকর্ষণীয় গল্প আছে কি? এই লিঙ্কে ক্লিক করে আমাদের জানান*

# উল্লেখযোগ্য ঘটনাবলী



## তামিল নববর্ষ উদযাপন

বিভিন্ন ডরমিটরি থেকে প্রবাসী শ্রমিকদের জন্য বাইরে ভ্রমণের ১৮ ধাপের আয়োজন করার জন্য ACE, NGO-এর সাথে সহযোগিতা করেছে। এই শ্রমিকদের জন্য শ্রী ভীরমাকালিয়াম্মান মন্দিরে একটি ঐতিহ্যবাহী নিরামিষ খাবারের ব্যবস্থা করা হয়েছিল এবং তারা ভারতীয় হেরিটেজ সেন্টারে একটি গ্রুপ সফরেও অংশ নিয়েছিল।

এই বাইরে ভ্রমণ সহজতর করার জন্য আমাদের ACE অফিসারদের এবং ১৮ পদক্ষেপকে ধন্যবাদ!



## কাল্লাং বাউল ভ্রমণের ঘটনা

বিভিন্ন ডরমিটরি থেকে প্রবাসী শ্রমিকরা তাদের জন্য আয়োজিত একটি মজাদার বোলিং সেশনের উদ্দেশ্যে কাল্লাং বাউল ভ্রমণে গিয়েছিল!

আমাদের প্রবাসী শ্রমিকদের সাথে এক দিনের মজায় অংশ গ্রহণ করার জন্য আমাদের FAST অফিসারদের ধন্যবাদ!





## কোচরান RC-তে (CRC) কাবাডি টুর্নামেন্ট

১৭ মার্চ ২০২২ তারিখে CRC-তে একটি উত্তেজনাপূর্ণ কাবাডি টুর্নামেন্ট সংঘটিত হয়েছিল যেখানে প্রবাসী শ্রমিকদের একাধিক দল চ্যাম্পিয়নশিপ ট্রফি এবং অন্যান্য পুরস্কার জেতার জন্য একে অপরের বিরুদ্ধে খেলেছিল।

আমাদের প্রবাসী শ্রমিকদের জন্য এই টুর্নামেন্টের আয়োজন করার জন্য অ্যালায়েন্স অফ গেস্ট ওয়ার্কার্স আউটরিচ (AGWO) এবং কাবাডি অ্যাসোসিয়েশনকে অনেক ধন্যবাদ!





**আপনি অংশ নিতে পাবেন এমন বিভিন্ন শারীরিক এবং অনলাইন কার্যক্রম সম্পর্কে আরও জানতে হলে এখানে QR কোড স্ক্যান করুন!**

GO.gov.sg

*সর্বশেষ খবর এবং আপডেট পেতে হলে আমাদের প্রচারিত চ্যানেলে আমাদের অনুসরণ করুন!*

- MOM-এর ফেসবুক পেজ
- MOM-এর ইউটিউব চ্যানেল
- MOM-এর ওয়েবসাইট